

# প্রথম আসিয়ান-ভারত ট্র্যাক ১ সাইবার পলিসি ডায়ালগ

## ১৬ অক্টোবর ২০২৪

২০২৪ সালের ১০ অক্টোবর লাও পিডিআরের ভিয়েনতিয়েনে অনুষ্ঠিত ২১তম আসিয়ান-ভারত শীর্ষ সম্মেলনে ভারতের প্রধানমন্ত্রীর ঘোষণা অনুসারে, ২০২৪ সালের ১৬ অক্টোবর সিঙ্গাপুরে প্রথম আসিয়ান-ভারত ট্র্যাক ১ সাইবার পলিসি ডায়ালগ অনুষ্ঠিত হয়। এই সংলাপের সহ-সভাপতিত্ব করেন বিদেশ মন্ত্রকের সাইবার কূটনীতি বিভাগের যুগ্ম সচিব শ্রী অমিত এ শুক্লা এবং ফিলিপিন্সের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের পরিকাঠামো পরিচালনা, সাইবার নিরাপত্তা ও আপস্কিলিং বিষয়ক আন্ডার সেক্রেটারি মিঃ জেফ্রি ইয়ান ডে।

২. আলাপ-আলোচনায় উভয় পক্ষ সাইবার হুমকির প্রেক্ষাপট, জাতীয় সাইবার নীতি, হুমকির মূল্যায়ন এবং রাষ্ট্রসংঘের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ক্ষেত্রের সাম্প্রতিক অগ্রগতি সম্পর্কে মতবিনিময় করে। সংলাপে কর্মকাণ্ডের সুনির্দিষ্ট ক্ষেত্র চিহ্নিত করতে সক্ষমতা বৃদ্ধি ও প্রশিক্ষণের ক্ষেত্রে সহযোগিতার বিষয়টি খতিয়ে দেখা হয়।

৩. এই সংলাপ ২০২৪ সালের ১০ অক্টোবর আসিয়ান-ভারত শীর্ষ বৈঠকের সময় ডিজিটাল রূপান্তরকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য আসিয়ান-ভারত যৌথ বিবৃতি রূপায়ণের মাধ্যমে আসিয়ান-ভারত সুসংহত কৌশলগত অংশীদারিত্বকে শক্তিশালী করতে অবদান রেখেছে।

নয়াদিল্লি

অক্টোবর ১৬, ২০২৪